

“দুটি সন্তানের বেশী নয়, একটি হলে ভাল হয়”।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ
১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.১১১.৩২.৬৪১.৯৫(অংশ-০৫).

তারিখঃ ১৩/১০/২০১৭ খ্রিঃ

ঠিকাদার তালিকাভুক্তি নবায়ন বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র দপ্তরে সীমিত দরপত্র (LTM) পদ্ধতির আওতায় ভৌত কাজ বাস্তবায়নের লক্ষ্যে তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাঁদের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্সের মেয়াদ গত ৩০/০৬/২০১৭ খ্রি: তারিখে উত্তীর্ণ হয়েছে। সে কারণে ২০১৭-২০১৮ অর্থ বছরের লাইসেন্স নবায়ন ফি জমাদানের মেয়াদ গত ১৪/০৯/২০১৭ খ্রি: তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়। কিন্তু কিছু সংখ্যক ঠিকাদার নির্ধারিত সময়ের মধ্যে নবায়ন ফি জমা প্রদানে ব্যর্থ হওয়ায় সময় বর্ধনের জন্য আবেদন করে। ঠিকাদারী প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে নবায়ন ফি জমা প্রদানের মেয়াদ আগামী ১৫/১১/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত সময় বর্ধন করা হলো।

এমতাবস্থায়, ২০১৭-২০১৮ অর্থ বছরের নবায়ন ফি বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা এবং ১৫% হারে ৩০০/- টাকা মূল্য সংযোজন করসহ সর্বমোট ২,৩০০/- (দুই হাজার তিনশত) টাকা সর্বশেষ আগামী ১৫/১১/২০১৭ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত হিসাব ও অর্থ বিভাগে (কক্ষ নং-৪১৯) জমা প্রদানের জন্য অনুরোধ করা হল।

বিঃদ্রঃ

- ১) যে সকল ঠিকাদারী প্রতিষ্ঠান পর পর ০৩ (তিন) অর্থ বছরের নবায়ন ফি জমা দিতে ব্যর্থ হয়েছেন তারাও প্রতি অর্থ বছরের জন্য ১০০০/- (এক হাজার) টাকা জরিমানাসহ নবায়ন ফি জমা দিতে পারবেন। তবে এক নাগাড়ে ০৩ (তিন) অর্থ বছরের অধিককাল জরিমানাসহ নবায়ন ফি জমা দিতে ব্যর্থ হলে তালিকাভুক্তি বাতিল বলে গণ্য হবে।
- ২) তালিকাভুক্তি নবায়নের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

ইহা মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।

স্বাঃ

(জোয়ারদার আশরাফুল ইসলাম)
পরিচালক

ফোনঃ ৯৫৫৯৯৮৮

ই-মেইল : didts@dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.১১১.৩২.৬৪১.৯৫(অংশ-০৫).

১৬১৪/১ (৬)

তারিখঃ ২৩/১০/২০১৭ খ্রিঃ

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;

২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;

৩। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;

৪। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; [বিজ্ঞপ্তিটি খাদ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।]

৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা; [বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।]

৬। নোটিশ বোর্ড, খাদ্য অধিদপ্তর, ঢাকা;

৭। মাস্টার কপি;

৮। অফিস কপি।

পরিচালক

পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ

খাদ্য অধিদপ্তর, ঢাকা।